

দেশটা কারোর বাপের না
আব্দুর রহমান



পয়ঙ্গু প্রকাশন

দেশটা কারোর বাপের না
আব্দুর রহমান

- প্রকাশকাল : একুশে গ্রন্থমেলা-২০২৫ খ্রি.
- প্রকাশক : পয়স্টি প্রকাশন
আলমডাঙ্গা, চুয়াডাঙ্গা- ৭২১০।
ঢাকা অফিস : ২/৮৪, এভিনিউ-১, কালশি রোড,
সেকশন-১২, ব্লক- বি, ঢাকা-১২১৬।
- অনলাইন পরিবেশক : www.rokomari.com
- প্রচ্ছদ : শোভানবীন
- মুদ্রণ : ফরায়েজী গ্রাফিক্স হাউজ
- মূল্য : ৩০০ টাকা
- স্বত্ব : লেখক
- ISBN : 978-984-97704-2-8
Deshta Karor Baper Na by *Abdur Rahman*
Publication of Payasti Prokashon
First Published Ekushey Granthamela-2025
Price Tk 300.00 \$ 11.00

উৎসর্গ
স্নেহাস্পদ নাতিন
সহিফা আনজুম সানা

ক | বি | তা | ক্র | ম

অধিকার ৯	৪৪ নবান্নের উৎসব
সোনালি সূ্য ১০	৪৫ বিরূপ আবহাওয়া
নরকরাজ ১১	৪৬ বৈচিত্র
মায়াজাল ১২	৪৭ পৌর্ণমাসী
প্রাণরন ১৩	৪৮ তোমাকে খুঁউব ভালোবাসি
প্রণয়ের স্রাণ ১৪	৪৯ হেমন্ত কন্যা
অতিথি ১৫	৫০ ভাজনের খেলা
প্রতিধ্বনী ১৬	৫১ প্রতিবাদী
স্বাধীনতা ১৭	৫২ সমুচ্ছ্বাস
মিথ্যের করতল ১৮	৫৩ কল্পলোকে
কালের শ্রোত ১৯	৫৪ একাশ্রয়
বালুচর ২০	৫৫ চতুঃসীমা
স্মৃতিচিহ্ন ২১	৫৬ কদম্বর
ক্ষতচিহ্ন ২২	৫৭ কেউ রাখেনা খবর
স্মৃতিচারণ ২৩	৫৮ মায়াকান্নার অনুরাগ
ঋণের বোঝা ২৪	৫৯ নবীন সূর্য
উত্তর ২৫	৬০ গোলক ধাঁধা
ভালোবাসার শঙ্খচিল ২৬	৬১ সতীন পুত্র
শোকাহত কারবালা ২৭	৬২ করুণ আর্তনাদ
আত্মমহল ২৯	৬৩ বিলাসকুঞ্জ
নির্ভার ৩০	৬৪ রামজীবন
আর একটি সকালের অপেক্ষায় ৩১	৬৫ রাগ-অনুরাগ
বিধির বিধান ৩২	৬৬ হেমন্তে প্রকৃতি ও মানুষ
জীবনপ্রদীপ ৩৩	৬৮ নিতাজে স্মরণের পাতায় পাতায়
রুজির সম্বন্ধান ৩৪	৬৯ দিকভ্রান্ত প্রেমিক
দেবকন্যার নৃত্য ৩৫	৭০ জীবন্ত স্মৃতি
তেজস্বিনি ৩৬	৭১ ব্যঙ্গ-বিদ্রুপের অনিত্য অবয়ব
চুয়ান্ন বছর ৩৭	৭২ হোসেনের শিরচ্ছেদ
সুখোক্ষণ ৩৮	৭৪ কলাবৌ
মুক্ত বিহঙ্গা ৩৯	৭৫ অর্চনা
শৈত্যপ্রবাহ ৪০	৭৬ বিয়োগ
চিতার আগুন ৪১	৭৮ বিহিত
পথশিশু ৪২	৭৯ আদিত্যের পূর্বাভাস
মুক্তির দূত ৪৩	৮০ প্রতিশোধ

অধিকার

কতশত নিষ্পাপ প্রাণ বারে গেল
কোটা সংস্কার আন্দোলনে
বিকশিত মেধাবী শিক্ষার্থী
অপশক্তির পাগলামিতে
আদিমতায় কেঁপে উঠেছে এই বাংলা
কেন সহিবে নৃশংস-হিংস্র থাবা
এবার ছিনিয়ে আনবেই স্বাধীনতা
যুক্ত হয়েছে শিক্ষার্থী-জনতা
আঁধার ভেদে বেরিয়ে এসেছে
শ্লোগানে শ্লোগানে রাজপথে
লুট হয়ে যাওয়া অধিকার
ফিরিয়ে আনবে আবার
সবার মুখে একই কথা
লাখো শহিদের রক্তে কেনা
দেশটা কারোর বাপের না!

০২ আগস্ট ২০২৪ খ্রি.

সোনালি সূর্য

তনুতনু করে খুঁজে ফিরি আমার জন্মসনদটা
কেউ কেউ বলে কাঁটাতারের ওপারে হারিয়েছে ওটা
আবার অনেকে বলে না ওখান থেকেই এসেছে
অতশত বুঝি না ভাই
আমার জন্মসনদটা চাই
আমি পাখির ডানায় উড়ে যাব বহুদূরে
নীলাকাশ ধারণ করবো হৃদয়ে
মেঘেদের ঝরানো পালক দিয়ে
আঙুনা সাজাবো সাদা রঙে
সবুজের মাঝে ঘুরে ঘুরে
সোনালি সূর্য দেখবো প্রাণ ভরে
সনদবিহীন অনিচ্ছায়
চোখ থেকেও চোখে দেখি না
তেমনি কান আছে শুনেও শুনি না
মুখও আছে কিছু বলতেও চাই না —
চোখ ঢেকেছি কালো আবরণে
কানে দিয়েছি তুলা
ঠোঁটে লাগিয়েছি তালা
আমাকে চিনছো না?
আমি কোকিলের ডাকে ভেসে আসা বসন্ত সেই ভোর
ষোল কোটি মানুষের হৃদস্পন্দন।

০৩ অক্টোবর ২০২২ খ্রি.